দৈনিক
ইনকিলাব

তারিখ ... AUG. 03 2006 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ... ৫...

# সরকারী কলেজের সহযোগী অধ্যাপ পদে ৭২২ জনের পদোন্নতি

স্টাফ রিপোর্টার

সরকারী কলেজের সহকারী অধ্যাপক থে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি দে হয়েছে ৭১১ জনকে। পদোন্নতির সা সাথে পদায়নও করা হয়েছে ৬০০ জ সহযোগী শিক্ষক-শিক্ষিকাকে। একই সা সিলেকশন গ্রেড পেয়েছেন ৩ হাজার ২৯ জন শিক্ষক-শিক্ষিকা। গত কয়েকদিন যা অতি গোপনীয়তার সাথে পদায়ন প্রক্রি সম্পন্ন করে মঙ্গলবার রাতে এ সংক্রা আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। প্রক্রিয়া সম্পন্ন করতে গিয়ে নানামুখী তদবি এড়াতে শিক্ষা মন্ত্রণালয়ে অতিরিক্ত প্রহ

## ৭২২ জনের পদোন্নতি

১২-এর পৃষ্ঠার পর

হয়েছে। কিন্তু তাতেও নিস্তার নেই। আদে জারি হওয়ার পরও গতকাল অসংখ্য শিক্ষ শিক্ষিকা ও তাদের পক্ষে অনেককে কাঙ্ক্ষি প্রতিষ্ঠানে পদায়নের জন্য শিক্ষা সচিবস সংশ্লিষ্ট দপ্তরে প্রচণ্ড ভিড় দেখা গেছে।

জানা যায়, এ দফায় সহকারী অধ্যাপক পে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতিপ্রাপ্তদে মধ্যে প্রায় ১২০ জনকে ওএসডি করে রা হয়েছে। তাদের ন্যস্ত করা হয়েছে মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদপ্তরে। এ বিষয়ে শিক্ষ মন্ত্রণালয়ের এক পদস্থ কর্মকর্তা ইনকিলাবে জানান, যেসব শিক্ষককে মাউশিতে ন্যস্ত কর হয়েছে তাদের সকলকেই ঢাকার বিভিন্ন কলেজ দপ্তর-অধিদপ্তর, বোর্ডে নিয়োগ দেয়া হবে তবে এঁদের মধ্যে অনেককে যারা প্রতিষ্ঠা নিয়োজিত ছিলেন তাদের পূর্বের কর্মস্থলেই রা হবে বলেও জানা গেছে।